

## টাঙ্গুয়ার হাওর লোকজ ও পূর্ণিমা উৎসবে পর্যটকদের ঢল

- A Monitor Desk Report

Date: 16 November, 2024



**সুনামগঞ্জ:** সুনামগঞ্জের তাহিরপুরে প্রথমবারের মত 'টাঙ্গুয়ার হাওর লোকজ ও পূর্ণিমা উৎসব' অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (১৫ নভেম্বর) রাতে এ উৎসব আয়োজন করে সুনামগঞ্জ হাউজবোট ওনার্স অ্যাসোসিয়েশন।

উপজেলার নীলাদ্রি লেক (টাকেরঘাট) এলাকায় উৎসবের উদ্বোধন করেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব বেগম নাসরীন জাহান।

উদ্বোধন অনুষ্ঠানে তিনি বলেন, আমাদের স্বপ্ন দেখলে হবে না। আমাদের কার্যকর ভূমিকা রাখতে হবে। টাঙ্গুয়ার হাওরে প্রকৃতিক পরিবেশ ঠিক রেখে হাওরের সৌন্দর্য উপভোগ করতে হবে। এক কথায় পরিবেশ নষ্ট করে পর্যটন শিল্প গড়ে উঠতে পারে না।

মনোরম পরিবেশে পূর্ণিমার সৌন্দর্য উপভোগ করতে ছুটির দিনে সুনামগঞ্জের টাঙ্গুয়ার হাওর, নীলাদ্রি লেক, বারিকাটিলার পর্যটন কেন্দ্রগুলোতে ভিড় করেন পর্যটকরা। সেই সাথে সন্ধ্যা হওয়ার সাথে সাথে নীলাদ্রি লেকে এলাকায় উৎসবে ও পূর্ণিমার সৌন্দর্য উপভোগ করতে জড়ো হন তারা।

অনুষ্ঠানের শুরুতেই প্রান্তিক জনগোষ্ঠীর আদিবাসীরা তাদের প্রচলিত একটি নিত্য পরিবেশন করেন। পরে সুনামগঞ্জের সাহিত্যিক ও মরমি কবিদের স্মৃতিচারণে হাসন রাজা, শাহ আব্দুল করিম, দুরবিন শাহ গান পরিবেশিত হয়।

-B